

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৫৫

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - গরীবদের ফযীলত ও নবী (সা.) -এর জীবন-যাপন

اَلْفَصِيْلُ التَّنِفْ _ (بَابُ فَضِيْلِ الْفُقَرَاءِ وَمَا كَانَ مِنْ عَيْشِ النَّبِيِّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ)

আরবী

وَعَن أَبِي هُرَيْرَة أَنَّهُ أَصَابَهُمْ جُوعٌ فَأَعْطَاهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَمْرَةً تَمْرَةً تَمْرَةً. رَوَاهُ التِّرْمِذِيُّ

اسناده صحیح ، رواه الترمذی (2474 وقال : صحیح) ۔ (صَحِیح)

বাংলা

৫২৫৫-[২৫] আবূ হুরায়রাহ্ (সা.) হতে বর্ণিত। একবার সাহাবায়ে কিরাম ক্ষুধার তাড়নায় অস্থির হয়ে পড়লেন। তখন রাসূলুল্লাহ (সা.) তাদেরকে একটি করে খেজুর দিলেন। (তিরমিযী)

ফটনোট

সানাদ সহীহ: তিরমিয়ী ২৪৭৪, ইবনু মাজাহ ৪১৫৭, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৬৭৩১।

(সা.) -এর হাতের বিশেষ বরকত এবং মু'জিয়াহ। - সম্পাদকীয়)

ব্যাখ্যা

ব্যাখ্যা: আবু হুরায়রাহ (রাঃ) কর্তৃক বর্ণিত ক্ষুধার ঘটনা বাহ্যত আসহাবে সুফফা বা বারান্দাবাসীর, যা ইতোপূর্বে আলোচিত হয়েছে। তাদের জন্য (সাহাবীদের পক্ষ থেকে যে দান আসত তাই সবার মধ্যে বন্টন করা হত। এ বন্টনে কখনো জনপ্রতি একটিমাত্র খেজুর মিলত আর এর উপরই তাদের দিন নির্বাহ হত। আসহাবে সুফফার সংখ্যা ছিল চারশত বা তার চেয়ে কিছু বেশি। এদের সত্তর জন্য ছিল স্থায়ী সদস্য। এই একটি খেজুরেই এত বরকত হত যে, সারাদিনের খাদ্যকষ্ট ও ক্লান্তি দূর হয়ে যেত। (এটা ছিল রাসূলুল্লাহ



(মিরকাতুল মাফাতীহ; তুহফাতুল আহওয়াযী ৬ষ্ঠ খণ্ড, হা ২৪৭৪; আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩১৭পৃ.)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন